N.B.P.Form No. 27

# FIRST INFORMATION REPORT

7579

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba M.O.P. Sub-Divn. Contai P.S. Contai Year 2017 FIR NO. 28/17 Date. 21.1.17
2. i) Act IPC Section 447/323/325/307/379/34 ii) Act × Sections ×
2. ii) Act × Section × iv) Other Act & Sections ×
3. a) General Diary Reference : Entry No. 1172 Time 1605 h
   b) Occarrence of Offence : Day Saturday Date 21.1.17 Time 9.30 AM
   c) Information received Date 21.1.17 Time 16.05 h
   G.D. No. 1172 at the Police Station :
4. Type of Information. ~~Written~~ / Oral
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. West 06 KM
   b) Address Namal J.L. No 238 Block 1 Anchal No 09
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint / Informant :
   a) Name Srimanta Kumar Das
   b) Father's / ~~Husband's~~ Name Lt Sidhaswar Das
   c) Date/Year of Birth
   d) Nationality Indian
   e) Address vill Raktia P.O Namal PS Contai Dist Purba Midnapore
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Sankar Das S/o Abinash Das (2) Sri Srikanta Das S/o Lt Pancha nan Das (3) Sri Ramaswar Das S/o Srikanta Das all of Raktia P.O Namal PS Contai Dist Purba Mdp
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) :
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) :

   The original written complaint of the complainant which is treated as FIR is reproduce below.

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s
   register the case and took up the investigation/directed SI Soumya Paul to take up the investigation
   transferred to P.S. on point of jurisdiction FIR read over to the Complaint / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

ASI Asim Kr Pradhan 21.1.17

To,
**The I.C. Contai P.S.**
**Dist.- Purba Medinipur**

মহাশয়,

আমি শ্রী শ্রীমন্ত কুমার দাস, পিতা - মৃত সিদ্ধেশ্বর দাস, সাং - রক্তিয়া, পোঃ - নামাল, থানা - কাঁথি, জেলা - পূর্ব মেদিনীপুর।

আমার বিনীত নিবেদন এই যে, অদ্য ইং ২১.০১.২০১৭ তারিখ সকাল আনুমানিক ৯টা ৩০ মিনিট নাগাদ নিম্নবর্ণিত তপশীল ব্যক্তিগন পূর্ব আক্রোশ বশতঃ রক্তিয়া মৌজায় অবস্থিত আমার বসত গৃহের সম্মুখে লাঠি আদি হস্তে অন্যায় মতে চড়াও হইয়া আমার নাম ধরিয়া অশ্লীল অকথ্য ভাষায় গালিগালাজ করিতে থাকিলে আমি বসত গৃহ হইতে বাহির হইয়া তপশীল ব্যক্তিগনের উক্ত কার্য্যে প্রতিবাদ করিলে নিম্নবর্ণিত তপশীল ব্যক্তিগন অধিকতর উত্তেজিত হইয়া আমাকে একযোগে কীল, চড়, লাঠি আদি দ্বারা শরীরের ভিন্ন ভিন্ন অংশে বেজায় মারপিট করিয়াছে ও ১নং তপশীল ব্যক্তি আমাকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্যে লাঠির দ্বারা আমার মাথায় স্বজোরে আঘাত করিয়াছে। মাথায় মারিবার ফলে আমি মাটিতে পড়িয়া গেলে ১নং তপশীল ব্যক্তি আমার বুকের উপর বসিয়া আমাকে প্রানে মারিয়া ফেলিবার উদ্দেশ্যে আমার গলা টিপিয়া শ্বাসরোধ করিবার চেষ্টা করিয়াছে ও ২নং তপশীল ব্যক্তি আমাকে প্রানে মারিয়া ফেলিবার উদ্দেশ্যে আমার এন্ডোকোষ টিপিয়া ধরিয়াছে। আমার গোঁগাঁনি চিৎকারে পার্শ্ববর্তী ও পথচলতি লোকজন ছুটিয়া আসিয়া আমাকে তপশীল ব্যক্তিগনের কবল হইতে উদ্ধার করিয়াছে। তপশীল ব্যক্তিগন পলাইয়া যাইবার সময় ২নং ও ৩নং তপশীল ব্যক্তিগন আমার বসত গৃহের টালীর চালে থাকা দুই বস্তা সুপারী লইয়া পলাইয়া গিয়াছে যাহার আনুমানিক মূল্য ২,০০০/- (দুই হাজার) টাকা হইবে। আমার স্ত্রী আমার জামাই শ্রী সুমিত ভূঞ্যাকে ফোন করিয়া সমূহ ঘটনা জানাইলে আমার জামাই আমাকে প্রথমে কাঁথি হাসপাতালের ''আউটডোর'' এ লইয়া যায় ও আমার জখম গুরুতর দেখিয়া ডাক্তার বাবু আমাকে মহকুমা হাসপাতালে প্রেরণ করিলে তথায় ডাক্তার বাবু আমার চিকিৎসা করিয়াছেন। স্থানীয় লোকজন সহ পথ চলতি লোকজন আমাকে যথা সময়ে উদ্ধার না করিলে বা আমি যথা সময়ে চিকিৎসা না হইলে প্রানে মারা যাইতাম। তপশীল ব্যক্তিগনের দ্বারা আমাকে প্রানে

ক্রমশ......./২

LAP DECEMBER - 2016

মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্য ছিল। কিল, চড়, লাঠি, ইত্যাদির দ্বারা আমার সারা শরীরে মারপিট করায় আমার বুকে ও শরীরের ভিন্ন ভিন্ন অংশে ব্যাথা বেদনা হইয়াছে। বহু ব্যক্তি ঘটনা দেখিয়াছে ও ঘটনা সম্পর্কে অবগত রহিয়াছে।

চিকিৎসার কার্য্যে ব্যস্ত থাকার কারনে অভিযোগ জানাইতে বিলম্ব হইল।

প্রার্থনা যে, আমার অত্র আবেদন দৃষ্টে নিম্ন বর্ণিত ব্যক্তিগনের বিরুদ্ধে যথাবিহিত আইনানুগ ব্যবস্থা গ্রহন করিয়া বাধিত করিবেন।

তাং- ২২/৯/২১

বিনীত
শ্রীমন্ত কুমার দাস
9732317108

-ঃ তপশীল ব্যক্তিগনের নাম ঃ-

১। শ্রী শঙ্কর দাস, পিতা - শ্রী অবিনাশ দাস,
২। শ্রী শ্রীকান্ত দাস, পিতা - মৃত পঞ্চানন দাস,
৩। শ্রী রামেশ্বর দাস, পিতা - শ্রীকান্ত দাস,
সর্ব্ব সাং- রক্তিয়া, পোঃ- নামাল, থানা - কাঁথি,
জেলা - পূর্ব মেদিনীপুর।

সাক্ষীগনের নাম:—

১। সুমিত ভূঞ্যা পিং:- নন্দন ভূঞ্যা
২। পূর্নিমা ভূঞ্যা স্বামী- সুমিত ভূঞ্যা
} সর্ব্বসাং- আটিলাগাড়ি, থানা- কাঁথি
৩। রাজকান্ত ঘোষ পিং:- ৺ সিদ্ধেশ্বর ঘোষ
৪। উদয় ঘোষ পিং:- ৺ ভুতনাথ ঘোষ
সর্ব্বসাং:- রক্তিয়া পোং- নামাল, থানা- কাঁথি
জেলা- পূর্ব্ব মেদিনীপুর।

LAP DECEMBER - 2010